

কৃষিই সমৃদ্ধি



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন  
কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

সাধারণ পরিচর্যা বিভাগ

[www.badc.gov.bd](http://www.badc.gov.bd)

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৬.৯৯.০১৯.২১.৮০ ৫

তারিখ: ২২ মাঘ ১৪৩২  
৫ ৫ ফেব্রুয়ারি ২০২৬

**বিষয়: আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৬ উপলক্ষ্যে ছুটি ও সাপ্তাহিক ছুটিকালীন নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে পুলিশ টহল প্রসঙ্গ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর সদর দপ্তর (কৃষি ভবন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০) আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৬ ছুটি ও সাপ্তাহিক ছুটি উপলক্ষ্যে আগামী ১১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ হতে ১৪ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ পর্যন্ত অন্যান্য অফিস-আদালতের ন্যায় বন্ধ থাকবে। উল্লেখ্য যে, দিলকুশাস্থ কৃষি ভবনে সোনালী ব্যাংক পিএলসি. ও সীমান্ত ব্যাংক পিএলসি. এর মতিঝিল শাখার কার্যক্রম পরিচালিত হচ্ছে এবং সরকার ও জনগনের অর্থসম্পদ উক্ত দুটি ব্যাংকে গচ্ছিত রয়েছে। বিএডিসি এর সদর দপ্তর কৃষি ভবন ও ব্যাংক দুটির গুরুত্ব বিবেচনা করে নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণের আবশ্যিকতা রয়েছে।

০২. এমতাবস্থায়, বর্ণিত ছুটির সময়ে দিনে এবং রাতে আপনার দপ্তর থেকে যে টহল পুলিশের ব্যবস্থা করা হয়ে থাকে তাতে বিএডিসি'র কৃষি ভবনটি টহলের অন্তর্ভুক্ত রাখার ও নিরাপত্তা জোরদারকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

  
(মো: আবুল কালাম আজাদ)

যুগ্মপরিচালক

বিএডিসি, ঢাকা।

ফোন: ০২-২২৩৩৮১৭১১

ই-মেইলঃ [jscsbadc@gmail.com](mailto:jscsbadc@gmail.com)

অফিসার ইনচার্জ

মতিঝিল থানা

ডিএমপি, ঢাকা।

বিতরণ-কার্যার্থে/ জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপপুলিশ কমিশনার, মতিঝিল বিভাগ, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, ঢাকা (উক্ত ছুটিকালীন সময়ে বিদ্যুৎ, পানি, গ্যাস লাইনের সাথে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
৩. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (পত্রটি বিএডিসি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. চেয়ারম্যান মহোদয় এর একান্ত সচিব, চেয়ারম্যান দপ্তর, বিএডিসি, ঢাকা।
৫. শাখা ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, কৃষি ভবন শাখা, ঢাকা।
৬. শাখা ব্যবস্থাপক, সীমান্ত ব্যাংক পিএলসি, মতিঝিল শাখা, ঢাকা।
৭. সহকারী পরিচালক-২, সাধারণ পরিচর্যা বিভাগ, বিএডিসি, ঢাকা।
৮. সচিব মহোদয় এর সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৯. নিরাপত্তা প্রহরী/আনসার সদস্য (সকল), সাধারণ পরিচর্যা বিভাগ, বিএডিসি, ঢাকা (নিরাপত্তা জোরদারকরণের নির্দেশ প্রদান করা হলো)।
১০. অফিস কপি/মাস্টার ফাইল।